দৈনিক ইত্তেফাক

NOV. 19 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ২ কলাম ৩

# মেডিক্যাল বিশ্ববিদ্যালয় পরিস্থিতি নিরসনের কোন উদ্যোগ নেই

ইত্তেফাক রিপোর্ট ॥ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি নিরসনে সরকারের পক্ষ থেকে গতকাল রোববার কোনো উদ্যোগ নেয়া হয়নি। মেডিক্যাল বিশ্ববিদ্যালয় সরকারী নার্স, তৃতীয় ও ৪র্থ শ্রেণীর কর্মীরা গতকাল সকাল ৮টা থেকে বেলা ২টা পর্যন্ত কর্মবিরতি পালন করেন। তারা বলেছন যে, তাদের এ কর্মসূচী চলবে দাবী আদায় না হওয়া পর্যন্ত। গতকাল চিকিৎসক পরিষদের সভাপতি ডাঃ এমএ আজিজের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বলা হয়, মেডিক্যাল বিশ্ববিদ্যালয় সকল স্তরের চিকিৎসকের দু' যুগের বেশী সময়ের দাবীর ফসল। এ বিশ্ববিদ্যালয়-স্থাপনের ফলে চিকিৎসা শিক্ষার মান বেড়েছে। কিন্তু স্বায়ত্তশাসন বিরোধী একটি মহল বিশ্ববিদ্যালয়কে পুনরায় আইপিজিএমআর করার অযৌক্তিক দাবী করছে। সভায় ভর্তি পরীক্ষা অনিশ্চিয়তা ও পরিস্থিতি নিরসনে সরকারের ঔদাসীন্যে ক্ষোভ প্রকাশ করা হয়।